

You can ask for this leaflet in large print, on audio tape or in another language. Please contact us on 020 8709 4300.

আপনি এই লিফলেটটি বড় ছাপায়, অডিও টেপে বা অন্য যে কোন ভাষায় পেতে পারেন। দয়া করে আমাদের সাথে যোগাযোগ করুন ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে। [Bengali]

Waxaad dalban kartaa warqaddan oo ku daabacan farta waawayn, iyadoo ku duuban cod ama ku tarjuman luqadaha beesha. Fadlan nagala soo xidhiidh telefoonka ah 020 8709 4300. [Somali]

Możesz poprosić o tę ulotkę drukowaną dużą czcionką, w postaci zapisu audio lub w innym z języków społeczności. Skontaktuj się z nami pod numerem telefonu 020 8709 4300. [Polish]

Quý vị có thể xin tờ rơi (tờ thông tin) này bằng chữ lớn, bằng ghi âm hoặc tiếng nói khác trong cộng đồng. Xin vui lòng liên lạc với chúng tôi, điện thoại số 020 8709 4300. [Vietnamese]

你可要求這份單張的大字印刷本、錄音或其他社區語言的版本，請致電 020 8709 4300 與我們聯絡。 [Chinese]

آپ یہ کتابچہ بڑے حروف، آڈیو یا کسی دوسری کمیونٹی زبان میں طلب کر سکتے ہیں۔ براہ مہربانی ہم سے فون نمبر 020 8709 4300 پر رابطہ کریں۔ [Urdu]



Awarded for excellence



INVESTOR IN PEOPLE



North River Alliance

Gateway Housing Association

409-413 Mile End Road, London, E3 4PB

Residents: 020 8709 4300

General enquiries: 020 8909 4409

Fax: 020 8709 4400

Email: enquiries@gatewayhousing.org.uk

www.gatewayhousing.org.uk

আমরা আপনাদেরকে যে সার্ভিসগুলো প্রদান করব এই লিফলেটের মাধ্যমে সেসম্পর্কে তথ্য প্রদান করা হল। টেন্যান্সি এগ্রিমেন্ট অনুযায়ী আপনার যে অধিকারগুলো আছে এই লিফলেট তাতে কোন পরিবর্তন আনবে না। এই লিফলেটটি তৈরী করতে যে বাসিন্দারা সাহায্য করেছেন তাদেরকে অনেক অনেক ধন্যবাদ।

আপনারা কি আশা করতে পারেন গেটওয়ের সার্ভিস প্রদানের প্রতিজ্ঞা



What you can expect
Gateway's service pledge
– Bengali translation



আপনাদের ল্যান্ডলর্ড হিসাবে আমরা যা করব:

- সকলের জন্য সমান সার্ভিস প্রদান করব;
- আপনার বাড়ি এবং তার আসপাশের উন্নয়ন চালু রাখব;
- সরকারের নীতিমালা অনুযায়ী সর্বোত্তম সার্ভিস দিয়ে যতটা সম্ভব কম ভাড়া রাখব;
- ক্লিনিং ও গার্ডেনিংসহ আমাদের কাছ থেকে আপনারা যে সার্ভিসগুলো পাচ্ছেন সে সম্পর্কে আপনাদেরকে জানাব;
- কমিউনিটির উন্নয়নের উদ্যোগগুলোকে সমর্থন করব;
- আমরা যে কাজ করি তাতে প্রত্যক্ষভাবে জড়িত হওয়ার জন্য আপনাদেরকে উৎসাহিত করব;
- আমরা কিভাবে আপনাদের ভাড়া ঠিক করি এবং কতটা ভালো সার্ভিস দেই সে সম্পর্কে আপনাদেরকে জানাব; এবং
- আমরা আপনাদের কাছে বাসিন্দাদের বার্ষিক রিপোর্টের একটি করে কপি পাঠাব।

শুধুমাত্র টেন্যান্সির শর্ত ভঙ্গ করলেই আমাদের সাথে আপনার টেন্যান্সি শেষ হয়ে যাবে। আমরা কেবল তখনই আপনাকে উচ্ছেদ করব যখন কোর্ট থেকে অর্ডার পাব।

আপনার অধিকার

একজন টেন্যান্ট হিসাবে আপনার নিম্নলিখিত অধিকারগুলো রয়েছে:

- যতদিন আপনি আপনার টেন্যান্সি চুক্তির শর্ত মেনে চলবেন ততদিন আপনার বাড়িতে থাকতে পারবেন (এটি 'সিকিউরিটি অফ টেনিউর' বলে পরিচিত);
- শান্তিপূর্ণভাবে আপনার বাড়িতে বসোবাস করতে পারবেন;
- আমাদের জানিয়ে একজন ভাড়াটিয়া (লজার) নিতে পারবেন;
- মারা যাওয়ার আগে আপনার বাড়ি আপনার স্বামী/স্ত্রীকে অথবা পরিবারের অন্য কোন সদস্যকে দিয়ে যেতে পারবেন (যাকে বাড়ি দিবেন তাকে আপনার সাথে কমপক্ষে ১২ মাস থাকতে হবে)
- আমাদের কাছে আপনার যে ফাইল আছে অথবা কম্পিউটারে যে তথ্য রাখা আছে তা দেখতে পারবেন;
- আমাদের সার্ভিস সম্পর্কে আপনি যদি সন্তুষ্ট না হন তাহলে অফিসের নিয়ম অনুযায়ী অভিযোগ করতে পারবেন;
- আমাদের ক্ষতিপূরণের নিয়ম অনুযায়ী ক্ষতিপূরণ পাবেন;
- আপনার অনুমতি ছাড়া তথ্য প্রকাশে আমাদের কোন আইনগত দায়িত্ব না থাকলে আপনার ও আপনার পরিবারের তথ্য গোপন রাখা হবে;

▪ নির্দিষ্ট শর্তাবলীর অধীনে গেটওয়ে, কাউন্সিল বা অন্য কোন রেজিস্টার্ড সোশ্যাল ল্যান্ডলর্ডের টেন্যান্টের সাথে আপনার বাড়ি পরিবর্তন করতে পারবেন;

▪ তিন মাস পরপর রেন্ট স্টেটমেন্ট পাবেন; এবং

▪ নিয়মিত নিউজলেটারের মাধ্যমে আমাদের কাজ সম্পর্কে আপনি জানবেন।

এছাড়াও টেন্যান্ট হিসাবে আপনার কিছু আইনগত অধিকার আছে যা আপনার টেন্যান্সি এগ্রিমেন্টের হাউজিং কর্পোরেশন'স টেন্যান্সট'স চার্টারে এবং আপনার রেসিডেন্ট হ্যান্ডবুকে উল্লেখ আছে।

আপনি লীজহোল্ডার হলে আমরা যা করব:

▪ লীজের শর্ত মোতাবেক আমরা আমাদের দায়িত্ব পালন করব;

▪ আপনি আপনার বাড়ি বিক্রি করুন কিংবা আরও শেয়ার ক্রয় করুন না কেন আপনার সাথে আমরা পেশাদার আচরণ করব;

▪ প্রতি বছর আমরা আপনার কাছে রেন্ট এস্টেটমেন্ট, সিংকিং ফান্ড এস্টেটমেন্ট (যে অর্থ ব্লকের ভবিষ্যত মেরামতের জন্য জমা রাখা হয়) এবং আপনার সার্ভিস চার্জ সম্পর্কে জানাব; এবং

▪ আমাদের নিয়ম কানুনে কোন পরিবর্তন আনলে আমরা আপনাকে তা জানাব।

আমাদের সম্পর্কে তথ্য

আমরা যা চালু রাখব:

- আমরা প্রতিবছর আপনাকে কমপক্ষে চারটি নিউজলেটার পাঠাব যা আমাদের কাজ ও তার ফলাফল সম্পর্কে তথ্য তুলে ধরবে;
- আমাদের কাজে আপনি কিভাবে জড়িত হতে পারেন সে সম্পর্কে আপনাকে বিস্তারিত জানাব এবং ট্রেনিং দিব;
- আপনাকে একটি রেসিডেন্টস' এসোসিয়েশন গড়তে উৎসাহিত করব এবং অব্যাহতভাবে সহযোগিতা করে যাব;
- আপনার বাড়িতে প্রভাব ফেলতে পারে এমন বড় মাপের কোন মেরামত ও সংস্কারের দরকার হলে আপনাকে আমরা অনেকগুলো নোটিশ দেব, আপনার সাথে আলোচনা করব এবং কাজের প্রতিটি স্তরে আপনাকে জড়িত করব;
- আমাদের সার্ভিসের মান সম্পর্কে নিয়মিত আপনার মতামত চাইব এবং আপনাকে সে সম্পর্কে জানাব; এবং
- আপনি চাইলে আমাদের সার্ভিসের উপর তথ্যমূলক লিফলেটগুলো আপনাকে প্রদান করবে।